

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

ডিএফআইএম সার্কুলার নং- ২

তারিখ : ৩ জ্যৈষ্ঠ ১৪৩০
১৭ মে ২০২৩

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক,
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান ও তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

নতুন আর্থিক প্রতিষ্ঠানের লাইসেন্স প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে আপনাদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ৪(১) নং ধারায় প্রদত্ত ক্ষমতা বলে বাংলাদেশ ব্যাংক কর্তৃক 'নগদ ফাইন্যান্স পিএলসি.'(Nagad Finance PLC.)-কে বাংলাদেশে অর্থায়ন ব্যবসা পরিচালনার জন্য আর্থিক প্রতিষ্ঠানের লাইসেন্স (নং-ডিএফআইএম(এল)/৪২, তারিখ : ৩১ বৈশাখ ১৪৩০/ ১৪ মে ২০২৩) প্রদান করা হয়েছে। এতদ্বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ২ জ্যৈষ্ঠ ১৪৩০/ ১৬ মে ২০২৩ তারিখে জারিকৃত প্রজ্ঞাপন নং- ডিএফআইএম(এল)১০৫৩/১০৫/২০২৩-১৫৮০ এর অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

সংযুক্তি : ১ (এক)।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ আমির উদ্দিন)
পরিচালক (ডিএফআইএম)
ফোন : ৯৫৩০১৭৮

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

প্রজ্ঞাপন নং ডিএফআইএম(এল)১০৫৩/১০৫/২০২৩-১৫৮০
তারিখ : ঢাকা, ২ জ্যৈষ্ঠ ১৪৩০/ ১৬ মে ২০২৩

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ৪(১) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ ব্যাংক কর্তৃক নগদ ফাইন্যান্স পিএলসি. (Nagad Finance PLC.), ডেল্টা ডালিয়া টাওয়ার, ৩৬, কামাল আতাতুর্ক এভিনিউ, বনানী, ঢাকা-১২১৩-কে বাংলাদেশে অর্থায়ন ব্যবসা পরিচালনার জন্য আর্থিক প্রতিষ্ঠানের লাইসেন্স (নং-ডিএফআইএম(এল)/৪২, তারিখ : ৩১ বৈশাখ ১৪৩০/ ১৪ মে ২০২৩) প্রদান করা হয়েছে।



আইমেদ জামাল
ডেপুটি গভর্নর।